

■■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২৫৬৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৩৯]

১৪। সিয়াম (রোযা) (کتاب الصیام)

পরিচ্ছেদঃ ২২. ঈদুল ফিতর ও ঈদুল আযহার দিন সিয়াম পালন করা হারাম

باب النَّهْي عَنْ صَوْمٍ، يَوْمِ الْفِطْرِ وَيَوْمِ الأَصْحَى

আরবী

وَحَدَّتَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّتَنَا وَكِيعٌ، عَنِ ابْنِ عَوْنٍ، عَنْ زِيَادِ بْنِ جُبَيْرٍ، قَالَ جَاءَ رَجُلٌ إِلَى ابْنِ عُمَرَ _ رضى الله عنهما _ فَقَالَ إِنِّي نَذَرْتُ أَنْ أَصُومَ يَوْمًا فَوَافَقَ يَوْمَ أَضْحَى أَنْ قَطْرٍ . فَقَالَ ابْنُ عُمَرَ رضى الله عنهما أَمَرَ اللَّهُ تَعَالَى بِوَفَاءِ النَّذْرِ وَنَهَى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَنْ صَوْمٍ هَذَا الْيَوْمِ .

বাংলা

২৫৬৫-(১৪২/১১৩৯) আবূ বকর ইবনু আবূ শায়বাহ্ (রহঃ) যিয়াদ ইবনু জুবায়র (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি ইবনু উমর (রাযিঃ) এর কাছে এসে বলল, আমি একদিন সিয়াম (রোজা/রোযা) পালন করব বলে মানত করেছি। ঘটনাক্রমে ঐ দিনই ঈদুল আযহা বা ঈদুল ফিতরের দিন পড়েছে। ইবনু উমর (রাযিঃ) বললেন, আল্লাহ তা'আলা মানত পূর্ণ করার জন্যে নির্দেশ দিয়েছেন এবং রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এ দিন সিয়াম (রোজা/রোযা) পালন করতে নিষেধ করেছেন। (ইসলামিক ফাউন্ডেশন ২৫৪২, ইসলামীক সেন্টার ২৫৪১)

English

Ziyad b. Jubair reported that a person came to Ibn 'Umar (Allah be pleased with them) and said:

I had taken a vow that I would fast on the day (but it accidentally) synchronises with the day of Adha or the day of Fitr. Thereupon Ibn 'Umar (Allah be pleased with him) said: Allah, the Exalted, has commanded fulfilling of the vow, but the Messenger of Allah (ﷺ) has forbidden the observance of fast on this day.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু জুবাইর (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন